**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/21/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

**গভর্নর হোচুল স্কেনেক্টেডিতে 20 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী এবং সহায়ক আবাসন প্রকল্প খোলার ঘোষণা দিয়েছেন**

***রেনেসাঁ স্কয়ার এপার্টমেন্টস ঐতিহাসিক এবং বহু বছর ধরে নিষ্ক্রিয় সেন্ট ম্যারিস স্কুলকে রূপান্তরিত করে এবং স্কেনেক্টেডিতে 55টি সাশ্রয়ী আবাসনের সৃষ্টি করে***

***প্রকল্প স্কেনেক্টেডির ইস্টার্ন অ্যাভিনিউ এলাকার পুনরুজ্জীবন অব্যাহত রাখছে***

গভর্নর ক্যাথি হোচুল আজকে রেনেসাঁ স্কয়ার এপার্টমেন্টস (Renaissance Square Apartments) এর কাজ সম্পূর্ণ হওয়ার ঘোষণা করেছেন, যা স্কেনেক্টেডির ইস্টার্ন অ্যাভিনিউ এলাকায় একটি 20 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসন প্রকল্প। প্রকল্পটি ঐতিহাসিক এবং সেন্ট ম্যারিস স্কুলকে 25টি এপার্টমেন্টে রূপান্তরিত করে এবং 30টি এপার্টমেন্ট সহ একটি বাড়তি ভবন নির্মাণ করেছে, যার ফলে স্কেনেক্টেডিতে সহায়ক আবাসন তৈরি হয়েছে এবং শহরের পুনরুজ্জীবনে সহায়তা করছে।

"কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের এমন একটি বাসস্থানের প্রয়োজন যেখানে তারা সাশ্রয়ীভাবে একটি নিরাপদ এবং আকর্ষণীয় এলাকায় থাকতে পারবে যেখানে কমিউনিটি সেবা সুবিধা উপলভ্য যার উপর তারা তাদের সমৃদ্ধির জন্য নির্ভর করতে পারেন," **গভর্নর হোচুল বলেন।** এই ঐতিহাসিক স্থাপনার অভিযোজিত পুনর্ব্যবহারের মাধ্যমে, রেনেসাঁ স্কয়ার এপার্টমেন্টস এখন বহু-বছর ধরে নিষ্প্রভ স্কেনেক্টেডির ইস্টার্ন অ্যাভিনিউ এলাকায় নতুন জীবন নিয়ে আসছে, সাথে নিয়ে আসছে সাশ্রয়ী আবাসন যা সাম্প্রতিক বছরগুলিতে শহরটি যেই উল্লেখযোগ্য পরিবর্তনের ভেতর দিয়ে গিয়েছে তাকে অগ্রসর করতে সহায়তা করবে।"

বিংশ শতাব্দীর শুরুর দিকে 104 আর্ভিং স্ট্রিটে নির্মিত সেন্ট ম্যারিস স্কুল 1979 সালে বন্ধ হয়ে যায় এবং এরপর থেকে জরাজীর্ণ অবস্থায় আছে। 25টি এপার্টমেন্টে ভবনটির রূপান্তর স্থাপনাটির মূল স্থাপত্য নকশা সংরক্ষণ করার জন্য নকশা করা হয়, যার মধ্যে রয়েছে বাইরের খিলান জানালা এবং ইটের নকশা।

817, 819 এবং 823 ইস্টার্ন অ্যাভিনিউ এলাকার তিনটি খালি বাণিজ্যিক ভবন ভেঙে দিয়ে একটি নতুন দ্বিতল ভবন বানানো হয়েছে যাতে 30টি এপার্টমেন্ট রয়েছে। একসাথে, রেনেসাঁ স্কয়ারে রয়েছে ছয়টি স্টুডিও এপার্টমেন্ট, 44টি এক বেডরুমের এপার্টমেন্ট এবং পাঁচটি দুই বেডরুমের

এপার্টমেন্ট। 55টি এপার্টমেন্টের সবগুলিই এরিয়া মিডিয়ান ইনকামের 80 শতাংশ বা তার নিচের আয়ের পরিবারগুলির জন্য সাশ্রয়ী।

রেনেসাঁ স্কয়ার এপার্টমেন্টসের ছবি দেখুন।

প্রতিটি এপার্টমেন্ট রয়েছে এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স, পৃথকভাবে নিয়ন্ত্রিত হিটিং এবং কুলিং সিস্টেম এবং স্টোরেজ। বাড়তি সুবিধাগুলির মধ্যে রয়েছে একটি কমিউনিটি রুম, ফিটনেস সেন্টার, অন-সাইট লন্ড্রি সুবিধা এবং ইনডোর বাইক স্টোরেজ।

ডেভেলপমেন্ট দলে রয়েছে বেটার কমিউনিটি নেবারহুডস ইনকর্পোরেশন (Better Community Neighborhoods, Inc., BCNI) এবং হোম লিজিং, এলএলসি (Home Leasing, LLC) যারা সহ ডেভেলপার হিসাবে কাজ করেছে এবং বেটস হাউজিং পার্টনারস (Betts Housing Partners) হাউজিং কনসালটেন্ট হিসাবে কাজ করেছে।

রেনেসাঁ স্কয়ার এপার্টমেন্টসের জন্য স্টেটের অর্থায়নের মধ্যে রয়েছে ফেডারেল এবং স্টেট নিম্ন আয়ের আবাসন ট্যাক্স ক্রেডিট যা ইকুইটিতে 16 মিলিয়ন মার্কিন ডলার এবং নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) থেকে ভর্তুকি হিসাবে প্রাপ্ত 296,000 মার্কিন ডলার আয় করেছে। নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন (Office of Parks, Recreation and Historic Preservation) ফেডারেলএবং স্টেট ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিট পুরস্কৃত করে যা ইকুইটিতে 3.2 মিলিয়ন মার্কিন ডলার আয় করেছে। ক্যাপিটাল রিজিয়ন ব্যাংক (Capital Region Land Bank) 400,000 মার্কিন ডলার প্রদান করেছে।

**HCR কমিশনার রুথ অ্যান ভিসনসকাস বলেন,** "রেনেসাঁ স্কয়ার এপার্টমেন্টসে আমাদের 20 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ নতুন সাশ্রয়ী আবাসন এবং বর্ধিত সুবিধা প্রদানের মাধ্যমে স্কেনেক্টেডিকে পুনরুজ্জীবিত করার স্টেটের প্রচেষ্টার ধারাবাহিকতা। শতাব্দী পুরনো সেন্ট ম্যারিস স্কুল দৃষ্টিকটু এবং একটি বিপদে পরিণত হয়েছিল, লিন্তু ভবনটির রূপান্তর প্রমাণ করে যে যখন আমরা সমস্যা সমাধান করতে স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে কাজ করি এবং কমিউনিটির অনন্য চাহিদা পূরণ করি তখন কী করা সম্ভব। বেটার কমিউনিটি নেবারহুডস ইনকর্পোরেশন এবং হোম লিজিং, এলএলসি এর সাথে আমাদের অংশীদারিত্বের মাধ্যমে, এই 55টি নতুন আবাস স্কেনেক্টেডির পরিবারগুলির জীবনের মান উন্নত করবে এবং ইস্টার্ন অ্যাভিনিউ এলাকায় অর্থনৈতিক উন্নয়ন জোরদার করবে।"

রেনেসাঁ স্কয়ার এপার্টমেন্টস স্টেটের অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের পাঁচ বছর মেয়াদী আবাসন পরিকল্পনার অংশ। হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল পরিকল্পনার শেষ বর্ষে রয়েছে যা আবাসন সাশ্রয়ী করে এবং 110,000 ইউনিটের বেশি সাশ্রয়ী আবাসন এবং 6,000 ইউনিটের বেশি সহায়ক আবাসন তৈরি ও সংরক্ষণের মাধ্যমে গৃহহীনতার সাথে লড়াই করছে। 2011 সাল থেকে, এজেন্সি ক্যাপিটাল রিজিয়নে প্রায় 5,600 সাশ্রয়ী আবাসন তৈরি এবং সংরক্ষণ করতে 490 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

**নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টোরিক প্রিজারভেশনের কমিশনার এরিক কুলেসেইড বলেন,** "রেনেসাঁ স্কয়ার এপার্টমেন্টস মূলত সেন্ট ম্যারিস রোমান ক্যাথলিক চার্চ প্যারিশের স্কুল হিসাবে ব্যবহৃত হওয়ার জন্য 1913 সালে নির্মিত হয়েছিল। 2017 সালে স্টেটের জাতীয় তালিকায় নিবন্ধিত হওয়া, প্রাক্তন স্কুলটি বিংশ শতাব্দীর শুরু দিকের পোলিশ সম্প্রদায়ের বৃদ্ধি এবং গর্বের প্রতীক যারা জেনারেল ইলেকট্রিক কোম্পানির (General Electric Co.) ব্যস্ত ওয়ার্কশপে কাজ করতে স্কেনেক্টেডিতে এসেছিল। 100 বছরের বেশি সময় পরে এই সাইটটি পুনরুজ্জীবিত করা হয়েছে আরও একবার এই কমিউনিটিকে সেবা প্রদান করার জন্য এবং ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিট প্রোগ্রাম ব্যবহার করেছে যাতে ভবিষ্যতের প্রজন্মের জন্য সাইটটিকে সংরক্ষণ করা যায়।"

**স্কেনেক্টেডির মেয়র গ্যারি ম্যাকার্থি বলেন,** "আজকের ঘোষণা ইস্টার্ন অ্যাভিনিউ করিডোর বরাবর আমাদের পুনরুজ্জীবন প্রচেষ্টার একটি বড় মাইলফলক। কেবল গত কয়েক বছরের মধ্যে লন্ডন টেরেস থেকে এল্মার অ্যাভিনিউয়ের মধ্যকার এই আধ মাইল জায়গা একটি প্রাণচঞ্চল রূপান্তর দেখতে পেয়েছে যেখানে এক ডজনের বেশি সম্পূর্ণ বা নির্মাণাধীন এলাকা পুনরুজ্জীবন প্রচেষ্টা চলছে। স্কেনেক্টেডি শহরের পক্ষ থেকে আমি এই প্রচেষ্টায় জড়িত আমাদের অসাধারণ অর্থনীতিক উন্নয়ন অংশীদারদের আমাদের কমিউনিটির উন্নয়নকে সমর্থন করার জন্য ধন্যবাদ জানাই।"

**BCNI এর বোর্ডের প্রেসিডেন্ট চ্যাআড কিলবোর্ন বলেন,** "রেনেসাঁ স্কয়ার BCNI এর আমাদের লক্ষ্য বাস্তবায়ন শুরু করা এবং স্কেনেক্টেডির এলাকা, এবং সেখানে যেসব মানুষ থাকেন তাদের জন্য ক্রমবর্ধমান হারে বিনিয়োগ অব্যাহত রাখা এবং আমাদের সম্প্রদায়ের একাধিক সেক্টরে একত্রে কাজ করার ক্ষেত্রে আমাদের মার্জারের শক্তির পরিচায়ক। আমরা আমাদের নাগরিক, ফাউন্ডেশন, অলাভজনক এবং লাভ জনক সহকর্মীদের এত এত নিবেদিত মানুষের অংশ হতে পেরে গর্বিত যারা আমাদের কমিউনিটির উন্নয়নে কাজ করে চলেছে।"

**হোম লিজিং এর প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) ব্রেট গারউড বলেন,** "রেনেসাঁ স্কয়ার স্কেনেক্টেডি, নিউ ইয়র্কে সাশ্রয়ী আবাসন নির্মাণের লক্ষ্যকে অগ্রসর করে এবং জীবনের মান উন্নয়নের এই আকর্ষণীয় উদ্যোগের অংশ হতে পেরে হোম লিজিং উদ্বেলিত। পুরনো সেন্ট ম্যারিস স্কুলের সংরক্ষণ এবং নবনির্মিত এপার্টমেন্ট ভবন ইস্টার্ন অ্যাভিনিউয়ে বাসিন্দাদের জন্য 55টি স্বাগতপূর্ণ এপার্টমেন্ট তৈরি করেছে। আমাদের স্থানীয় ডেভেলপার অংশীদার, BCNI, নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল এবং এই কমিউনিটিতে আমাদের সকল অংশীদারদের ধন্যবাদ জানাই।"

**অ্যাসেম্বলিম্যান অ্যাঞ্জেলো স্যান্টাবারবারা বলেন,** "রেনেসাঁ স্কয়ার এপার্টমেন্টসের কাজ শেষ হওয়া সত্যিই রূপান্তরমূলক, যা বহু বছর ধরে খালি থাকা সম্পত্তিকে শহরের বাসিন্দাদের জন্য মানসম্পন্ন সাশ্রয়ী আবাসনে রূপান্তর করে পুনরুজ্জীবিত করেছে। এই প্রকল্প নিশ্চিত করবে যে পরিবারগুলি স্কেনেক্টেডিতে থাকতে এবং তাদের শিকড়ের ভিত্তি গড়ে তুলতে পারবে, যা আমাদের কমিউনিটিতে শক্তি যোগ করবে। এইসব ইউনিটে থাকা বাসিন্দারাই আমাদের শহরের জীবনীরক্ত। তাদের সহায়ক, আধুনিক আবাসন লাভের অধিকার রয়েছে এবং কমপ্লেক্স সেই গুরুত্বপূর্ণ সম্পদে স্মার্ট স্টেট এবং ফেডারেল বিনিয়োগের ফলাফল।"

**সিনেটর জিম টেডিস্কো বলেন,** "রেনেসাঁ স্কয়ার এপার্টমেন্টসের কাজ শেষ হওয়ার ফলে স্কেনেক্টেডির বাসিন্দারা নিজেদের বাড়ি ডাকার জন্য সাশ্রয়ী আবাসন পাবেন এবং এই এলাকার পুনরুজ্জীবন এবং অর্থনৈতিক উন্নয়নের প্রচেষ্টায় সাহায্য করতে পারবেন।"

**স্কেনেক্টেডি কাউন্টি লেজিস্লেচারের ডেপুটি চেয়ারম্যান ফিলিপ ফিল্ডস বলেন,** "নতুন রেনেসাঁ স্কয়ার এপার্টমেন্টস ইস্টার্ন অ্যাভিনিউ এলাকার পুনর্বিকাশের ক্ষেত্রে একটি স্বাগত সংযোজন। প্রাক্তন সেন্ট ম্যারিস স্কুল এবং কয়েকটি খালি ভবনের রূপান্তর করে 20 মিলিয়ন মার্কিন ডলারের সম্পদে পরিণত করতে এবং কমিউনিটির বাসিন্দাদের জন্য মানসম্পন্ন, সাশ্রয়ী আবাসন তৈরিতে ইস্টার্ন আভিনিউয়ে ক্যাপিটাল রিজিয়ন ল্যান্ড ব্যাংক এবং মেট্রোপ্লেক্সের মাধ্যমে স্টেটের সাথে কাউন্টি যে ভূমিকা পালন করেছে তার জন্য আমরা গর্বিত।"

**নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন ফর এফোরডেবল হাউজিং (New York State Association for Affordable Housing)-এর প্রেসিডেন্ট ও CEO জোলি মিলস্টেইন বলেন,** "স্কেনেক্টেডিতে 55টি নতুন, অত্যাধুনিক, সাশ্রয়ী আবাসনে প্রাক্তন খালি বাণিজ্যিক ভবনের অসাধারণ রূপান্তর এবং সেন্ট ম্যারিস স্কুলের পুনর্বাসন নিউ ইয়র্কের পাঁচ বছরের আবাসন পরিকল্পনার শক্তির পরিচায়ক। আমরা HCR, হোম লিজিং এবং এই প্রকল্পকে সম্ভব করা অনেক অংশীদারদের অভিনন্দন জানাই। নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন ফর এফোরডেবল হাউজিং একটি নতুন বহু-বাৎসরিক আবাসন পরিকল্পনায় স্টেটের সাথে কাজ করার জন্য মুখিয়ে আছে যে পরিকল্পনা নিউ ইয়র্কের প্রতিটি কমিউনিটিতে রেনেসাঁ স্কয়ার প্রকল্পের মত প্রকল্প সম্ভব করবে।"

###

অতিরিক্ত সংবাদ পাওয়া যায় www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন